

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০৩.২০১৭. ২২২

তারিখ: ২০ জুন ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২৪ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব সুশান্ত কুমার দেব, প্রধান শিক্ষক, গাইবান্ধা সরকারি উচ্চ বালক বিদ্যালয়, গাইবান্ধাতে কর্মরত। তিনি পাবনা জিলা স্কুলে প্রধান শিক্ষক এর দায়িত্ব পালনকালে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা-২০১৭ গত ২১ ডিসেম্বর ২০১৬ তারিখে পাবনা জিলা স্কুল এবং পাবনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পাবনাতে অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষা অত্যন্ত সতর্কতার সাথে দুর্নীতিমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পাবনা জেলা প্রশাসকের পক্ষ থেকে সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করা হয়। গোপনীয়তা রক্ষার স্বার্থে নীতিমালার আলোকে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ব্যতীত অন্য সকলকে প্রবেশ নিষিদ্ধ করা সত্ত্বেও জনাব সুশান্ত কুমার দেব বিনা অনুমতিতে ফলাফল প্রস্তুতের কক্ষে প্রবেশ করেন এবং নম্বর দেখার চেষ্টা করেন। এ বিষয়ে তাকে নিষেধ করা হলে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপর উত্তেজিত হয়ে অসদাচরণ প্রদর্শন করেন। তদপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ১০/০৩/২০২৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক পর্য্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, জনাব সুশান্ত কুমার দেব, প্রধান শিক্ষক, গাইবান্ধা সরকারি উচ্চ বালক বিদ্যালয়, গাইবান্ধা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালা ৪(২)(ঘ) বিধি অনুযায়ী তাকে আগামী ০২ (দুই) বছরের জন্য “বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ” অর্থাৎ ৪র্থ গ্রেডের ৫০,০০০-৭১,২০০/- টাকা বেতন স্কেলের নিম্নতম ধাপ ৫০,০০০/- টাকা মূল বেতনে অবনমিতকরণ-সূচক “লঘুদণ্ড” প্রদান করা হলো; দন্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ৫০,০০০-৭১,২০০/- টাকা বেতন স্কেলের (৪র্থ গ্রেড) বর্তমানে প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন, তবে তিনি বকেয়া কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(সোলেমান খান)


সচিব

তারিখ: ২০ জুন ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২৪ খ্রি.

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০৩.২০১৭. ২২২/৩(৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব সুশান্ত কুমার দেব এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (সরকারি মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রধান শিক্ষক, পাবনা জিলা স্কুল, পাবনা।
- ৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৭। জনাব সুশান্ত কুমার দেব, প্রধান শিক্ষক, গাইবান্ধা সরকারি উচ্চ বালক বিদ্যালয়, গাইবান্ধা।


(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব